

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৫.১৮.১৪১.১১.

তারিখ: ০৩ জ্যেষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬


প্রজ্ঞাপন

বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের কর্মকর্তা, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রামের উপপ্রধান তথ্য অফিসার জনাব মোঃ সাঈদ হাসান-এর এস.এস.সি সনদ অনুযায়ী জন্ম তারিখ ৩১.০৫.১৯৬৭ খ্রি। সে হিসেবে ৩০.০৫.২০২৬ তারিখে তাঁর বয়স ৫৯ বৎসর পূর্ণ হবে। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(ক) ধারা মোতাবেক তাঁকে ৩০.০৫.২০২৬ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো এবং তাঁর অনুকূলে ৩১.০৫.২০২৬ হতে ৩০.০৫.২০২৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০২। জনাব মোঃ সাঈদ হাসান-এর অনুকূলে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১০(২) (খ) উপ-অনুচ্ছেদ মোতাবেক ১৮ মাসের ছুটি নগদায়ন (ল্যাম্পগ্র্যান্ট) বাবদ ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ১২,০৩,১২০/- (বারো লক্ষ তিন হাজার একশত বিশ) টাকা মাত্র মঞ্জুর করা হলো।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সালমা হাসনাইন)

উপসচিব

ফোন: ২২৩৩৮৮০৬৪

Email: masscom1@moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৫.১৮.১৪১.১১. ২৫৬(৭)

তারিখ: ০৩ জ্যেষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৪। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৬। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জনাব মোঃ সাঈদ হাসান, উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম



(সালমা হাসনাইন)

উপসচিব